

সিরাজ সিকদার রচনা  
সার্বক্ষণিক হবার আবেদনপত্র



সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টি কর্তৃক রচনা ও প্রকাশ সম্ভবতঃ ১৯৭২  
কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা পথ  
([www.sarbaharapath.com](http://www.sarbaharapath.com)) এর অনলাইন প্রকাশনা ১১ আগস্ট ২০১৪

পৃষ্ঠা ২

পরিচালক,

.....

পূর্ববাংলার সর্বহারা পার্টি।

আমি পূর্ববাংলার সর্বহারা পার্টিতে একজন সার্বজনিক কর্মী হিসেবে যোগদান করার জন্য আবেদন করছি।

নিজ সংক্রান্ত এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি পেশ করছি। আমি নিম্ন পয়েন্টসমূহ মেনে চলবো।

আমার আবেদন মঞ্জুর করার জন্য আবেদন করছি।

.....

স্বাক্ষর

তাং



১। তিনটি বৃহৎ শৃংখলা, মনোযোগ দেবার আটটি ধারা এবং সংগঠনের অন্যান্য শৃংখলা, নির্দেশ, সিদ্ধান্ত মেনে চলব।

২। গোপনীয়তা ও নিরাপত্তা দলিল মেনে চলব।

৩। বিভিন্ন অপরাধ সংক্রান্ত পার্টির ধারা মেনে চলব।

৪। আত্মীয়-স্বজন সংক্রান্ত ধারা মেনে চলব।

৫। যৌন বা অন্য কোন প্রকার ভ্রষ্টতার সাথে যুক্ত হবনা বা অন্যকে প্ররোচিত করবনা।

৬। নিজে পার্টির অগোচরে পলায়ন/দলত্যাগ করবনা, অন্যকে পলায়ন, দলত্যাগ, সুবিধাবাদী হতে প্ররোচিত করবনা। আত্মহত্যার পদক্ষেপ নেবনা বা অন্যকে প্ররোচিত করবনা।

৭। শত্রুর চরমতম অত্যাচার ও নির্যাতন বা প্রলোভনের মুখে পার্টি, স্তর ও কমরেডদের গোপনীয়তা ও নিরাপত্তা বিপন্ন করবনা, শত্রুর নিকট আত্মসমর্পণ করবনা। এ ধরনের কাজ করলে অপরাধ অনুযায়ী চরম শাস্তিসহ বিভিন্ন শাস্তি গ্রহণ করব।

পৃষ্ঠা ৩

৮। সুবিধাবাদ বা অন্য কোন কারণে অসার্বক্ষণিক হতে হলে পার্টির নিকট আবেদন করতে হবে এবং পার্টির সিদ্ধান্ত মোতাবেক অসার্বক্ষণিক হতে হবে।

হঠাত কর্মস্থল থেকে পলায়ন বা এ ধরনের পদক্ষেপ গ্রহণ করলে, অনুমতি ব্যতীত অসার্বক্ষণিক হলে পার্টির কাজ ও নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকলে প্রয়োজনীয় পদক্ষেপ পার্টি গ্রহণ করতে পারবে।

৯। পার্টি কোন প্রকার কারণ না দেখিয়েই এক মাসের সময়সীমা দিয়ে অসার্বক্ষণিক করে দিতে পারবে। প্রথমে কমপক্ষে এক মাস অস্থায়ী সার্বক্ষণিক হিসেবে থাকতে হবে। এ সময়কার মূল্যায়নের ভিত্তিতে সার্বক্ষণিক স্থায়ী করা হবে বা বাতিল করা হবে।

১০। কোন প্রকার মানসিক অসুস্থতা বর্তমানে নেই এবং অতীতেও ছিল না।

১১। কোন প্রকার দীর্ঘস্থায়ী জটিল শারীরিক অসুস্থতা নেই, শারীরিকভাবে অক্ষম না।

১২। নিকটতম আত্মীয়দের ঠিকানা এবং তাদের মনোভাব, তাদের মধ্যকার এক/একাধিক লোকের ঠিকানা উল্লেখ করা যারা গ্রেফতার হলে আইনগত ব্যবস্থা গ্রহণে সাহায্য করবে।

১৩। কোন এলাকায় কতদূর প্রকাশিত।

১৪। চেহারাগত এমন বিশেষত্ব আছে কি যাতে সাধারণ বাঙালী জনগণের মাঝে থেকে কাজ করতে অসুবিধা হবে।

১৫। সুপারিশকারীর স্বাক্ষর/পরিচয়/মন্তব্য।

১৬। অনুসন্ধানকারীর স্বাক্ষর/পরিচয়/মন্তব্য।

১৭। মানোন্নয়নকারীর স্বাক্ষর/পরিচয়/মন্তব্য।

১৮। কি কি আবেদনপত্র পূরণ করেছে তা যুক্ত হবে। ■